

কর্মক্ষেত্রে মহিলারা

Never Stand Still

Law

Kingsford Legal Centre

সাদিয়া কি একজন অনিয়মিত না স্থায়ী কর্মী?

সাদিয়া একটি কারখানায় ১৩ বছর ধরে কাজ করেছে। তার নিয়োগকর্তা তাকে 'অনিয়মিত কর্মী' হিসেবে ডেকে থাকেন। তিনি সপ্তাহে ৫ দিন এবং দিনে ৮ ঘন্টা কাজ করেন। অসুস্থতার সময় ছুটি নিলে সাদিয়া বেতন পান না এবং তিনি কোনো অবকাশ ছুটির বেতনও পান না। সাদিয়ার কাছে এমন কোনো লিখিত কাগজ নেই যাতে বলা আছে যে তিনি কারখানার একজন কর্মী।

সাদিয়া কী করতে পারেন?

যেহেতু সাদিয়া দীর্ঘদিন যাবত সপ্তাহে ৫ দিন করে কাজ করেছেন, সেহেতু সম্ভবত তিনি একজন 'স্থায়ী' কর্মী। এর অর্থ হলো যখন তিনি অসুস্থ থাকবেন কিংবা যখন তিনি অবকাশে থাকেন তখন তার বেতন পাওয়া উচিত।

যেহেতু সাদিয়া কারখানায় ১৩ বছর যাবৎ কাজ করেছেন, সেহেতু তার দীর্ঘকালীন চাকরির জন্য ছুটির অর্থও পাওয়া উচিত। এটি হয় যখন আপনার নিয়োগকর্তা আপনাকে কাজ থেকে ছুটি নেওয়ার জন্য বেতন দেয়। সাধারণত আপনি কোথাও ১০ বছর ধরে কাজ করলে এটি ঘটে।

আইনানুযায়ী আপনার নিয়োগকর্তা আপনাকে কোনো চুক্তিনামা দিতে বাধ্য নন কিন্তু আপনাকে পে স্লিপ দিতে হবে। যদি আপনার নিয়োগকর্তা আপনাকে পে স্লিপ দিতে অস্বীকার করেন তাহলে **ফেমার ওয়ার্ক অম্বাডসম্যান** এর কাছে অভিযোগ দিতে পারেন।

অসুস্থতার ছুটি, অবকাশ ছুটির অথবা দীর্ঘকালীন চাকরির ছুটির জন্য আপনাকে বেতন পরিশোধ করা না হলে **ফেমার ওয়ার্ক অম্বাডসম্যান** এ ১৩ ১৩ ৯৪ নম্বরে যোগাযোগ করে অভিযোগ দিতে পারেন।

যে তারিখে আপনাকে এই বেতনগুলো দেওয়ার কথা ছিল সেই তারিখ থেকে

৬ বছরের মধ্যে আপনাকে আদালতে এই অর্থ দাবি করতে হবে।

এই সংস্থাগুলো থেকে আপনি বিনামূল্যে আইনি সহায়তা পেতে পারেন:

কিংসফোর্ড লিগ্যাল সেন্টার – ৯৩৮৫ ৯৫৬৬ অথবা ১৩০০ ৭২২ ৭৯৫ নম্বরে যোগাযোগ করুন
লিগ্যাল এইড নিউ সাউথ ওয়েলস – www.legalaid.nsw.gov.au অথবা Law Access এর সাথে যোগাযোগ করুন

ল অ্যাকসেস – ১৩০০ ৮৮৮ ৫২৯ অথবা আপনার শ্রবণ/কথা বলায় সমস্যা থাকলে ১৩০০ ৮৮৯ ৫২৯ নম্বরে যোগাযোগ করুন

